22

2 5 MAY 1995

আজকের কাগজ

তারিখ 25 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

## সাঘাটায় ভুয়া ছাত্রী দেখিয়ে উপবৃত্তির টাকা আত্মসাৎ

গাইবান্ধা জেলার সাঘাটা থানার কালিয়ার দিগর বটতলা দাখেলী মাদ্রাসায় কতিপয় শিক্ষক ভুয়া ছাত্রী দেখিয়ে উপবৃত্তির টাকা উত্তোলন করে আত্মসাৎ করছে বলে অভিযোগ পাওয়া গেছে। প্রকাশ, অবৈতনিক শিক্ষা কর্মসূচি চালু হওয়ার সঙ্গে সঙ্গে উল্লেখিত মাদ্রাসার আব্দুল জলিল মাষ্টারের মেয়ে জেসমিন আক্তার, শামছুল হক মাষ্টারের মেয়ে ইয়াসমিন আক্তার, তাজুল ইসলামের মেয়ে নিলুফা, তালেব আলীর কন্যা শীনা বেগম, মোস্তাজার রহমানের কন্যা রোজী বেগমকে ৯ম শ্রেণীতে অধ্যায়নরত দেখিয়ে এবং সেলিনা খাতুনকে ৬ষ্ঠ শ্রেণীতে অধ্যায়নরত দেখিয়ে গত বছর থেকে উপবৃত্তির টাকা উত্তোলন করে মাদ্রাসার শিক্ষক মণ্ডলী আত্মসাৎ করছেন। উল্লেখিত ছাত্রিরা কখনো এই মাদ্রাসায় পড়াশুনা করেনি। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ গ্রহণের জন্যে এলাকাবাসী দাবি জানিয়েছেন। গাইবান্ধা থেকে বাবুল রায়।